তারিখ 20 FEB 1990
পৃষ্ঠা 12 কলাম ৩

দৈনিক বাংলা

14

# বিএড প্রশিক্ষণার্থীদের আবেদন

৪/৫ বছর পর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে সরকারী উচ্চ বিদ্যালয়গুলিতে নিয়োগের উদ্দেশ্যে সহকারী শিক্ষকদের একটি প্যানেল তৈরীর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবান করা হয়েছে। ভবি-ষ্যতে আবার কত বছর পর এই সরকারী শিক্ষক নিয়োগের দরখাস্ত আহবান করা হবে তা জানি না। তাই আমরা যারা বিএড কোর্সে প্রশিক্ষণরত তারা এবারই এই নিয়োগের সুযোগ গ্রহণ করতে চাই। কিন্তু আমাদের অর্থাৎ বিএড প্রশিক্ষণরতদের ব্যাপারে বিজ্ঞপ্তিতে কোন উল্লেখ নেই। আমরা আশা করবো, আমাদের প্রশিক্ষণার্থীদের যাদের বয়স অনূর্ধ্ব ২৭ বছর (পুরুষদের ক্ষেত্রে) ও ৩০ বছর (মহিলাদের ক্ষেত্রে) তাদের এই প্যানেলের পরী-ক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে। প্রসঙ্গতঃ যেহেতু সরকারী শিক্ষকদের প্যানেল তৈরী করা হচ্ছে, তাই আশা করা যায় নিয়োগের পূর্বেই আমাদের বিএড পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে। উল্লেখ্য, বিসিএস এবং অন্যান্য পরীক্ষার ক্ষেত্রে প্রশিক্ষণা-র্থীদের পরীক্ষা দেয়ার সুযোগ প্রদান করা হয়ে থাকে। এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি বিনীত অনুরোধ, আমরা বিএড প্রশিক্ষণার্থীদের অব-হেলার চোখে না দেখে এই প্যানেলের পরীক্ষা বা সাক্ষাৎকারে অংশ গ্রহণের

নাবিউন নেছা, কানিচরণ মন্ডল
আমিনুল ইসলাম
টিচার্স ট্রেনিং কলেজ,
মিরপুর রোড, ঢাকা।